



দেশে মাদ্রাসার সকল সমস্যা

সমাধানের লক্ষ্যে সরকার

পদক্ষেপ নিচ্ছেন শিক্ষা উপমন্ত্রী

গাজীপুর থেকে স্টাফ রিপোর্টার ঃ শিক্ষা উপমন্ত্রী আব্দুস সালাম পিটু বলেছেন, দেশের মাদ্রাসাসমূহের সকল সমস্যা সমাধানের লক্ষ্যে বর্তমান সরকার কার্যকরি পদক্ষেপ গ্রহণ করছেন। গতকাল (শুক্রবার) গাজীপুরের বোর্ড বাজারস্থ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটে জনসংখ্যা শিক্ষা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতাকালে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মোঃ আনিস উদ্দিন মিয়া। মাদ্রাসা শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রফেসর ইউসুফ ফারুকের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রিন্সিপাল মুওলাানা, সাকিব আহমদ, মাদ্রাসা বোর্ডের রেজিস্টার ডঃ এ কে এম ইয়াকুব হোসেন, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বিভাগের জনাব কবীর আহমদ প্রমুখ। শিক্ষা উপমন্ত্রী বলেন, দেশের মাদ্রাসাসমূহকে টিকিয়ে রাখতে হলে শিক্ষকদের শিক্ষাদান পদ্ধতি আরো শক্তিশালী করতে হবে এবং সকল প্রকার অনিয়ম বন্ধ করতে হবে। তিনি বলেন, এবতেদায়ী মাদ্রাসা না থাকলে দেশের সিল্লির বা আলিয়া মাদ্রাসাসমূহ এক সময় বন্ধ হয়ে যাবে। ইসলামী শিক্ষাকে উৎসাহিত রাখতে হলে দেশের মাদ্রাসাগুলোকে শক্তিশালী ভূমিকা পালন করতে হবে। তিনি বলেন, মাদ্রাসাসমূহকে এমপিওভুক্তির ক্ষেত্রে কোন টাকা পয়সা লাগবে না। এ বিষয়ে যদি দুর্নীতির প্রমাণ পাওয়া যায় তাহলে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিস্তর কঠোর শাস্তির ব্যবস্থা রয়েছে। ৩ দিনব্যাপী এ কর্মশালায় ঝালকাঠি ও কক্সবাজার জেলার বিভিন্ন মাদ্রাসা থেকে ১শ' ২০ জন শিক্ষক অংশগ্রহণ করেছেন।